লটারী খবর

30/07/2017 MOR RESULT 30/07/2017

MIZORAM STATE LOTTERIES
DEAR FLAMINGO MORNING
50th Draw held on 30/07/2017 M.R.P.₹ 10/-

1st Prize ₹50 Lakhs/- (Including Super Prize Amt) **89K 31123**
Cons. Prize (সান্ত্বনা পুরস্কার) ₹ 8,000/- 31123 (REMAINING ALL SERIALS)

2nd Prize ₹ 9500/- 08377 11653 15417 33446 52516 61526 70918 88796 90183 90386
3rd Prize ₹ 9000/- 08707 12993 17473 20381 27567 36296 51237 63262 83410 86189
4th Prize ₹ 1000/- 1701 1729 1825 3061 4295 4804 8395 8661 8907 9226
5th Prize ₹ 600/- 0329 1060 1226 3761 4879 5997 6076 6137 7042 7419

6th Prize ₹250/-
0143 1320 2026 3012 4053 5368 6432 7846 8546 9092
0492 1401 2035 3050 4231 5510 6830 7975 8623 9127
0497 1404 2049 3052 4331 5624 6874 8054 8660 9272
0622 1567 2121 3170 4577 5655 6876 8131 8689 9298
0710 1578 2184 3495 4742 5668 6899 8281 8699 9338
0886 1680 2726 3574 4950 5694 7055 8305 8734 9536
0896 1725 2789 3631 5025 6047 7312 8359 8782 9580
0992 1861 2808 3641 5097 6095 7681 8371 8806 9581
1141 1956 2928 3748 5119 6277 7684 8410 8966 9593
1265 1967 2934 4007 5331 6398 7689 8525 9047 9823

Please check the results with relevant Official Government Gazette

30/07/2017 DAY RESULT 30/07/2017

SIKKIM STATE LOTTERIES
DEAR PROSPECT
54th Draw held on 30/07/2017 M.R.P.₹ 10/-

1st Prize ₹50 Lakhs/- (Including Super Prize Amt) **78K 37846**
Cons. Prize (সান্ত্বনা পুরস্কার) ₹ 8,000/- 37846 (REMAINING ALL SERIALS)

2nd Prize ₹ 9500/- 03676 04580 05268 06037 21662 29059 40636 40752 88296 92243
3rd Prize ₹ 9000/- 11871 12773 15223 19319 29006 47925 52194 54502 56591 97714
4th Prize ₹ 1000/- 0285 2674 2980 3622 3645 6893 7103 7689 8202 9820
5th Prize ₹ 600/- 1048 2325 3258 3369 4756 5304 5429 7280 7308 8982

6th Prize ₹250/-
0066 1641 2788 4143 4581 5394 6616 7126 8032 9070
0075 1822 2814 4202 4726 5446 6687 7130 8313 9122
0175 1851 2856 4318 4740 5635 6763 7438 8487 9203
0205 1861 2984 4350 4807 5795 6786 7535 8712 9263
0443 2286 3384 4365 4823 5833 6910 7538 8738 9266
0445 2322 3517 4413 4933 6058 6931 7652 8791 9304
1198 2408 3545 4496 4973 6097 6965 7699 8830 9364
1341 2460 3564 4513 5075 6220 6973 7716 8832 9669
1588 2517 3620 4561 5087 6389 7024 7773 8984 9703
1606 2562 4108 4576 5277 6391 7046 7977 9064 9819

30/07/2017 EVE RESULT 30/07/2017

NAGALAND STATE LOTTERIES
DEAR GENTLE EVENING
118th Draw held on 30/07/2017 M.R.P.₹ 10/-

1st Prize ₹50 Lakhs/- (Including Super Prize Amt) **87J 27710**
Cons. Prize (সান্ত্বনা পুরস্কার) ₹ 8,000/- 27710 (REMAINING ALL SERIALS)

2nd Prize ₹ 9500/- 05928 07124 22817 30272 39711 52546 55481 59001 74147 89712
3rd Prize ₹ 9000/- 06627 15698 19715 23313 25656 30606 49487 70986 71701 86866
4th Prize ₹ 1000/- 1440 2679 3063 3950 6112 6229 6477 8380 8757 9116
5th Prize ₹ 600/- 1707 2040 2482 3335 4188 5388 7498 7900 8744 9928

6th Prize ₹250/-
0022 1031 1663 3261 4091 4856 5957 6695 7923 8817
0115 1063 2056 3377 4116 5071 6109 6824 8289 8915
0150 1155 2071 3532 4208 5077 6308 7030 8354 9026
0379 1263 2268 3749 4213 5391 6330 7143 8374 9295
0388 1306 2292 3797 4350 5427 6463 7171 8375 9567
0411 1341 2837 3887 4369 5589 6487 7244 8504 9573
0487 1344 2902 3941 4575 5691 6509 7510 8607 9597
0723 1382 2903 3967 4661 5872 6568 7539 8686 9616
0792 1477 3029 4063 4837 5873 6575 7671 8704 9955
0954 1546 3206 4082 4853 5899 6694 7809 8772 9981

Please check the results with relevant Official Government Gazette

সৌজন্যে:
লটারী জগতের শিরোমণি
নিরালা

বি: দ্র:
অনুগ্রহ করে অফিসিয়াল গেজেটে ফলাফল মিলিয়ে নিন। এই ফলাফল সংক্রান্ত ব্যাপারে আর্থিক লিপি কোনওভাবেই দায়বদ্ধ নয়।

SUCI
বন্যা কবলিতদের যুদ্ধকালীন তৎপরতায় ত্রাণ, উদ্ধার, খাদ্য ও পানীয় জলের দাবীতে
২৯ জুলাই
জেলাশাসক দপ্তরে
বিক্ষোভ

ঘাটালের এই বছর বন্যায় অধিবাসীদের করুণ দশা সকলের জানা। অথচ সরকার ঘাটাল মাস্টার প্ল্যান (যার দাবিতে এসইউসিআইসি দীর্ঘদিন আন্দোলনে নেতৃত্ব দিচ্ছে) বাস্তবায়িত করলে এড়ানো যেত এই করুণ চিত্র। ইতিমধ্যে পরিস্থিতি মোকাবিলার জন্য জেলাশাসককে ডেপুটেশন দেওয়া হয়েছে। ঘাটালের প্রতাপপুর সহ পার্শ্ববর্তী এলাকায় হাজার হাজার মানুষ এখনো গৃহবন্দি। কোনওরকম সাহায্য সহযোগিতা এখনো পৌঁছাতে পারেনি সরকার। অবিলম্বে তাদের উদ্ধারের ব্যবস্থা সহ সমস্ত রকম সাহায্যের দাবিতে জেলাশাসকের দফতরে বিক্ষোভ মিছিল।

নন্দীগ্রামে বিহানের বাচিক কর্মশালা

আবৃত্তি-সঞ্চালনা ও সংবাদ পাঠ
প্রশিক্ষণ শিবির
বিহান
দেবাশিস চক্রবর্তী

নিজস্ব সংবাদদাতা,নন্দীগ্রাম : বাচিক শিল্প শেখার মাধ্যমে উচ্চারণ শৈলীকে সঠিক করার জন্য গ্রামের সচেতন অভিভাবকরা ছোট ছেলেমেয়েদের বাচিক শিল্প শেখাতে খুব আগ্রহী। তাই গ্রামীণ এলাকায় গড়ে উঠছে একাধিক এই প্রশিক্ষণ কেন্দ্র। নন্দীগ্রামের এমনই একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান ‘বিহান’। নন্দীগ্রামের অন্যতম এই সংগঠনের উদ্যোগে ষষ্ঠবর্ষে একদিনের বাচিক কর্মশালা হল রবিবার নন্দীগ্রামের সীতানন্দ কলেজে। এই কর্মশালায় শতাধিক শিক্ষার্থীরা অংশ নেয়। কর্মশালায় আবৃত্তি, সঞ্চালনা ও সংবাদপাঠের নানা কৌশল শেখান প্রখ্যাত বাচিক শিল্পী মুনমুন মুখোপাধ্যায় ও দেবাশিস চক্রবর্তী।কর্মশালার শেষে এদিন প্রশিক্ষণে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। শতাধিক অভিভাবকও উপস্থিত ছিলেন। সংগঠনের আবৃত্তি প্রশিক্ষক স্বাগতা প্রামাণিক রায় বলেন, ‘‘সারা বছর ধরে ছাত্রদের আবৃত্তি শেখাই। তাদের আবৃত্তির সম্পর্কে আরও জ্ঞান বৃদ্ধির জন্য প্রতি বছর প্রখ্যাত আবৃত্তি শিল্পীদের আমন্ত্রণ জানাই।’’ সংগঠনের কো-অর্ডিনেটর সমিতকুমার গোল বলেন, ‘‘নন্দীগ্রামে এই ধরনের কর্মশালা আমাদের সংগঠন প্রথম শুরু করেছে। এবার ষষ্ঠবর্ষের কর্মশালা হল। নন্দীগ্রামের সৃজনশীল অভিভাবকদের সহযোগিতায় কর্মশালা করা সম্ভব হচ্ছে।’’ নবম শ্রেণির ছাত্রী আবৃত্তি শিক্ষার্থী সম্প্রীতি গোল বলেন, ‘‘কয়েক বছর ধরে এই সংগঠনে আবৃত্তি শিখছি। প্রতি বছরের এই কর্মশালার জন্য অধীর আগ্রহে থাকি। অনেক নতুন নতুন জিনিস শিখি।’’ অভিভাবক উত্তম দাস বলেন,‘‘সঠিক উচ্চারণ শেখার জন্য গ্রামের ছাত্র-ছাত্রীদের জন্য এই ধরনের উদ্যোগ এটা খুব জরুরি। একমাত্র ‘বিহার’ এই ধরনের কর্মশালার মধ্য দিয়ে নন্দীগ্রামে বাচিক প্রশিক্ষণের একটি নতুন দিক উন্মোচন করেছে।’’

সর্বজনীন দুর্গোৎসব কমিটি
খুঁটি পুজো
অনুষ্ঠান
তমলুক, পূর্ব মেদিনীপুর

রবিবার তমলুক শহরে আদি তাম্রলিপ্ত সর্বজনীন দুর্গোৎসব কমিটি তমলুক শহরে প্রথম খুঁটিপুজো অনুষ্ঠান সম্পন্ন করল। এবারে তাদের থিম একটি রাজবাড়ির পুরনো আদল। এদিন উপস্থিত ছিলেন তমলুক থানার ওসি, সমাজসেবী দিবেন্দু রায় সহ পুজো কমিটির সভাপতি পরিবহণ মন্ত্রী শুভেন্দু অধিকারী, সম্পাদক দীপেন্দ্র নারায়ণ রায় তথা তাম্রলিপ্ত পৌরসভার ভাইস চেয়ারম্যান।

নাচিন্দা সমবায় সমিতির উদ্যোগে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা

সংবর্ধনা অনুষ্ঠান
২৯ শা জুলাই ২০১৭,
স্থান: — নাচিন্দা জীবনকৃষ্ণ

নিজস্ব প্রতিনিধি, কাঁথি: শনিবার কাঁথি-৩ ব্লকের নাচিন্দা জীবনকৃষ্ণ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সভা কক্ষে ভাটিপাড়া নাচিন্দা সমবায় কৃষি উন্নয়ন সমিতির উদ্যোগে এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধিত করা হয়। জানা গেছে, কাঁথি-৩ ব্লকের ৪টি বিদ্যালয়ের ৮২ জন ছাত্র-ছাত্রীকে অনুষ্ঠানে সংবর্ধিত করা হয়। অনুষ্ঠানে বিশিষ্টদের মধ্যে ছিলেন বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান তথা এগরার বিধায়ক সমরেশ দাস, কাঁথি-৩ পঞ্চায়েত সমিতির সভাপতি বিকাশ বেজ, উত্তর কাঁথির বিধায়ক বনশ্রী মাইতি প্রমুখ।

প্রতিবেশীকে খুনের চেষ্টা, গ্রেফতার যুবক

নিজস্ব সংবাদদাতা, পটাশপুর : পূর্ব আক্রোশের জেরে প্রতিবেশিকে লোহার রড দিয়ে খুনের চেষ্টা ও সোনার হার ছিনতাইয়ের ঘটনায় আরও এক যুবককে গ্রেফতার করল পুলিশ। শনিবার পটাশপুর থানার পুলিশ আতিবুল খানকে গ্রেফতার করে। ধৃতের বাড়ি পটাশপুর থানার পালপাড়া গ্রামে। প্রসঙ্গত, বৃহস্পতিবার সকালে পূর্ব আক্রোশ বশতপ্রতিবেশি গৌরহরি মেইকাপকে লোহার রড দিয়ে মাথায় আঘাত করে এবং তার গলায় সোনার হার ছিনতাই করে। গৌরহরি চিৎকার করলে প্রতিবেশি ছুটে এলে তাকে ছেড়ে দেয়। রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে স্থানীয় একটি স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করে। রাতেই পটাশপুর থানার অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ আতিবুলকে গ্রেফতার করে। আজ ধৃতকে কাঁথি আদালতে তোলা হলে বিচারক তার জামিন নাকজ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

চোলাই বিক্রির অভিযোগে গ্রেফতার ৯

নিজস্ব সংবাদদাতা, ভগবানপুর : চোলাই বিক্রি অভিযোগে ৯ জনকে ঠেকমালিককে গ্রেফতার করল পুলিশ। গতকাল বিভিন্ন থানার অভিযান চালায়। ধৃতরা হলেন ভগবানপুরের টেঁঠিবাড়ের গৌরাঙ্গা ঘোড়াই, বারাতলা গ্রামের অমলেন্দু দাস, রামনগরের গুরুপদ কামিলা, পুরুসত্তমপুরের সুব্রত প্রধান পটাশপুরের কনকপুরের হেমন্ত সামন্ত, মকরামপুরের শ্রীকান্ত গিরি, এগরায় রবীন্দ্র মান্না, কাঁথির দাউদপুরের শুকদেব ধাড়া ও ভগবানপুর থানার নারায়নদাঁড়ি গ্রামের নান্টু দাস। রবিবার এদের কাঁথি আদালতে তোলা হলে বিচারক তাদের জামিন নাকজ করে জেল হেফাজতের নির্দেশ দেন।

খড়্গাপুরে পালিত হল ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়াণ দিবস

নিজস্ব প্রতিনিধি, খড়্গাপুর: বিদ্যাসাগর স্মরণ সমিতির খড়্গাপুর মহকুমার বেলদা কেন্দ্র স্মরণ করল মহান মানবতাবাদী মহাপুরুষ বিদ্যাসাগরের প্রয়াণ দিবস। এদিন বেলদা গঙ্গাধর অ্যাকাডেমি স্কুলে দিনটি মর্যাদা সহকারে পালন করা হয়। একইসঙ্গে ক্লাস অষ্টম শ্রেণিতে বৃত্তি পরীক্ষায় বসা কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা প্রদান করা হয়। বিদ্যাসাগরের প্রতিকৃতিতে মাল্যদানের মধ্য দিয়ে বিদ্যাসাগর স্মরণ সমিতি তাদের অনুষ্ঠানের সূচনা করে। শিক্ষা, সমাজ সংস্কারের এক উজ্জ্বল ব্যক্তিত্ব মহান মানবতাবাদী মহাপুরুষ বিদ্যাসাগর। চরিত্র, পৌরুষ ও চরিত্রের বলিষ্ঠতা ও নানাবিধ সংস্কারের সঙ্গে তাঁর নাম জড়িয়ে আছে। অজয় পৌরুষ ও অক্ষয় মনুষ্যত্বের অধিকারী এই মানুষটি ২৯ জুলাই পরলোক গমন করেন। তাঁর ১২৭ তম প্রয়াণ দিবস সর্বত্র পালিত হওয়ার পাশাপাশি বিদ্যাসাগর স্মরণ সমিতির মহকুমা শাখার বেলদা কেন্দ্র যথাযোগ্য মর্যাদায় পালন করল। উপস্থিত সকলেই বিদ্যাসাগরের প্রতিকৃতিতে মাল্যদান করেন। অনুষ্ঠানের শুরু এবং শেষে বিদ্যাসাগরকে নিয়ে লেখা গান গেয়ে শ্রদ্ধা জানানো হয় তাকে। এদিনের অনুষ্ঠান থেকে বিদ্যাসাগর স্মরণ সমিতি আয়োজিত অষ্টম শ্রেণির বৃত্তি পরীক্ষায় বেলদা সেন্টার থেকে কৃতিদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়েছে। প্রতিটি মানুষ সহ ছাত্র-ছাত্রীদের বিদ্যাসাগরের জীবন থেকে শিক্ষা নেওয়ার ও প্রতিদিন এই মানুষটির কাছ থেকে শেখার কথা বলেন এদিনের অনুষ্ঠানের মূল আলোচক কবি পরেশ বেরা। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক বিভূতি দে, শিক্ষক প্রদীপ দাস, অনন্ত জানা, স্বপন ঘোষ, কমিটির সদস্য সুজন মাইতি, সুশান্ত পানিগ্রাহী, মানস কর সহ অন্যান্যরা।

বাম ছাত্র সংগঠনের উদ্যোগে পালন করা হল বিদ্যাসাগরের প্রয়াণ দিবস

নিজস্ব প্রতিনিধি, মেদিনীপুর: মহান মানবতাবাদী ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১২৭ তম প্রয়াণ দিবস পালিত হল সর্বত্র। স্কুল, কলেজ সহ বিভিন্ন সংগঠন দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করে। জেলার বিভিন্ন প্রান্তে পালিত হল দিনটি। এদিন জেলা শহর মেদিনীপুরে বাম ছাত্র সংগঠন এআইডিএসও’র বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ইউনিট’এর উদ্যোগে মেদিনীপুর স্টেশনে পালন করা হয় দিনটি। প্রতিকৃতিতে মাল্যদানের মধ্য দিয়ে মানবতাবাদী, শিক্ষা ও সমাজ সংস্কারক বিদ্যাসাগরের প্রতি শ্রদ্ধা জানানো হয়। অন্যদিকে জেলা শহর মেদিনীপুরে বিদ্যাসাগর মূর্তির পাদদেশে আলোচনা সভা সহ অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যাসাগর স্মরণ সমিতি। মাল্যদান করে শ্রদ্ধা জানানোর পাশাপাশি বিদ্যাসাগর সম্পর্কিত আলোচনা সভার আয়োজন করা হয়। বিদ্যাসাগরের জীবনাদর্শ চর্চার আহ্বান জানানো হয়। এদিনের এই সভা থেকে বিদ্যাসাগরের চর্চা বর্তমান সমাজে আরও বেশি করে করার কথা জানান বক্তারা।

দু’টি পৃথক ঘটনায় ঘাটালে মৃত ২

নিজস্ব সংবাদদাতা,ঘাটাল : ঘাটালে বন্যার জলে নাজেহাল জনজীবন। তার মধ্যে রয়েছে সাপের উৎপাত। জলের তলায় রয়েছে সার ঘাটাল ব্লক। ফলে সাপও হারিয়েছে নিজের বাসস্থান। ঘাটাল ব্লকের ভাঙাদহর বাসিন্দা কমলা পাল (৫৫)-কে শনিবার রাতে সাপে কামড়ায় বলে অভিযোগ। জলমগ্ন রাস্তা পারাপার করার সময় তাকে সাপ ছোবল মারে। এরপর আশেপাশে থাকা লোকেরা বিষয়টি দেখেন এবং তড়িঘড়ি তাকে ঘাটাল মহকুমা হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালও জলের তলায়। সেখানেও রয়েছে সাপের ভয়। তবে প্রতিকূল পরিস্থিতি থাকলেও চিকিৎসায় কোনও ত্রুটি রাখেননি চিকিৎসকরা। তবে রাত বাড়ার সঙ্গে সঙ্গে শারীরিক অবস্থারও অবনতি হয় কমলাদেবীর। হয়তো প্রয়োজন ছিল উন্নতকর চিকিৎসা ব্যবস্থার। কিন্তু জলমগ্ন ঘাটাল পেরিয়ে যাওয়াও যথেষ্ট চাপের বলেই মত সকলের। রবিবার সকালে মৃত্যু হয় তার। অন্যদিকে সুলতানপুরের বাসিন্দা মনোরঞ্জন পণ্ডিত (৫০) রবিবার সকালে জমিতে ধান রুইতে ছিল। আবহাওয়া ছিল মেঘলা। ধূমপান করতে জমি থেকে বেরোনোর সময় হঠাৎই বজ্রপাত হয় এবং মাঠেই লুটিয়ে পড়েন তিনি। আশেপাশের সকলে ছুটে এসে দেখেন যে তিনি মারা গেছেন। শোকের ছায়া মৃতদের পরিবারে।

মদ্যপ অবস্থায় গ্রামে অশান্তি তৈরি করায় যুবককে প্রহার গ্রামবাসীর

নিজস্ব প্রতিনিধি, এগরা: প্রতিদিন মদ্যপ অবস্থায় বাড়িতে এসে স্ত্রী সহ পরিবারের লোকেদের মারধর ও চিৎকার চেঁচামেচি করে এলাকাবাসীকে অতিষ্ঠ করায় শনিবার রাতে অভিযুক্ত যুবক নিতাই বরকে ব্যাপক প্রহার করে পুলিশের হাতে তুলে দিল গ্রামবাসীরা। শনিবার রাতে ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুর জেলার এগরা থানার দুবদা গ্রামে। ধৃত যুবককে রবিবার কাঁথি মহকুমা আদালতে হাজির করা হলে বিচারক জামিনের আবেদন খারিজ করে দিয়েছেন। দুবদা এলাকার অধিবাসীদের অভিযোগ মদ্যপ নিতাই বর কোনও কাজ না করে স্ত্রীর উপার্জনের টাকায় বসে বসে খায়। আরও অভিযোগ প্রতিদিন রাতে মদ্যপ অবস্থায় এসে স্ত্রী শকুন্তলা বরকে মারধর করে। চিৎকার চেঁচামেচি করে। এর ফলে প্রতিবেশী পরিবারগুলোকে সমস্যায় পড়তে হয়। স্থানীয় অধিবাসী রাজকুমার দুয়ারী জানিয়েছেন বহুবার এই ধরনের ঘটনা বন্ধ করার কথা বলে কোনও লাভ হয়নি। অভিযোগ করেছেন শনিবার রাতে এর প্রতিবাদ করায় কয়েকজন গ্রামবাসীর উপর চড়াও হয অভিযুক্ত। তারপরেই গ্রামবাসী প্রহার দিয়ে নিতাই বরকে গাছে বেঁধে রেখে এগরা থানায় খবর দেয়।